ঝিনাইদহে ৭টি ইটভাটায় পরিবেশ অধিদপ্তরের অভিযান ও জরিমানা

ঝিনাইদহের হরিনাকুন্ডু ও শৈলকুপা উপজেলায় ৭ টি অবৈধ ইটভাটায় অভিযান চালিয়ে ১৯ লক্ষ টাকা জরিমানা আদায় করেছে পরিবেশ অধিদপ্তরের ভ্রাম্যমান মোবাইল কোর্ট।

এসময় শৈলকূপা উপজেলার মদনডাঙ্গায় স্কুলের সাথে অবস্থিত অবৈধ ১টি ইটভাটা ও হরিনাকুন্ডু উপজেলায় ১টি অবৈধ ইটভাটা এস্কেভেটর দিয়ে ভেঙে গুড়িয়ে দেওয়া হয়েছে।

আজ বুধবার (৩১ জানুয়ারি) বিকেলে এ অভিযান পরিচালনা করেন পরিবেশ অধিদপ্তর খুলনা বিভাগীয় কার্যালয়ের নির্বাহী ম্যাজিস্ট্রেট মমতাজ বেগম।

ঝিনাইদহ পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক মুন্তাছির রহমান জানান, এমন অভিযান জেলার সকল অবৈধ ইটভাটায় পর্যায়ক্রমে পরিচালনা করা হবে।

অবৈধ মজুতদারদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে–খাদ্যমন্ত্রী

খাদ্যমন্ত্রী সাধন চন্দ্র মজুমদার বলেছেন, অবৈধ মজুতদারদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে। শুধু শুধু জরিমানা করেই ছাড় দেওয়া হবে না। তাদের গোডাউন সীলগালা করা হবে এমনকি না শোধরালে তাদের জেলেও যেতে হবে।

আজ বুধবার দুপুরে দেশের বৃহত্তম চালের মোকাম কুষ্টিয়ার খাজানগরে অভিযানে নেমে তিনি সাংবাদিকদের এসব কথা বলেন।

তিনি বলেন, চালের দাম সহনীয় পর্যায়ে আনতে হলে ব্যবসায়ীদের অধিক লাভের মনোভাব পরিবর্তন করতে হবে। চালের দাম বৃদ্ধির পেছনে মিলার, পাইকারী ব্যবসায়ী, খুচরা ব্যবসায়ী ও কর্পোরেট ব্যবসায়ী সবার দায় আছে বলেও জানান তিনি।

এসময় অবৈধ মজুতসহ কেউ কোনো অনিয়ম-দুর্নীতি করছে কি না তা খতিয়ে দেখেন মন্ত্রী ও তার টিমের সদস্যরা।

এ সময় অবৈধভাবে আটা মজুত করায় মেসার্স সুবর্ণা অটো ফ্লাওয়ার মিলের গোডাউন সিলগালা করা হয়। এ ছাড়া অবৈধ ধান মজুতের চিত্র পেয়ে আরেকটি মিলের ধানের গোডাউন সিলগালা করা হয়েছে।

এ রিপোর্ট লেখা পর্যন্ত অভিযান চলমান রয়েছে।

গাংনীতে দুই গ্রুপের সংঘর্ষে আহত ১৩

মেহেরপুরের গাংনী উপজেলায় কৃষি কাজের মুজুরি নিয়ে বিবাদের সংঘর্ষে উভয় পক্ষের ১৩ জন আহত হয়েছে। আজ বুধবার (৩১ জানুয়ারি) সকাল ৮টার সময় গাংনী উপজেলার ঢেপা বাজারে এয় সংঘর্ষের ঘটনা ঘটে।

আহতরা হলেন ঢেপা গ্রামের মৃত খোকা সেখের ছেলে রেজাউল,রেজাউলের তিন ছেলে উসমান,হুমায়ন,হযরত,রেজাউলের স্ত্রী হালিমা, নাতি স্বপন। অপর পক্ষের নুর ইসলাম,আসাদুল,ফরজ, মজিবর,নয়ন মিয়ারুল ও আলামিন ।

স্থানীয়রা জানান, কৃষি কাজের মুজুরি নিয়ে গতকাল বিকালে মজিবর ও হুমায়নের মধ্যে সামান্য হাতাহাতি হয়। সেই ঘটনার জেরে আজ সকালে গ্রামের চায়ের দোকানে প্রথমে মজিবর ও হুমায়নের মধ্যে সংঘর্ষ বাধে। পরে উভয় পক্ষের লোকজন লাঠিসোঠা ও দেশিয় অস্ত্র নিয়ে সংঘর্ষে জড়িয়ে পড়ে। এত উভয় পক্ষের ১৩ জন আহত হয়। পরে স্থানীয়রা আহতদের উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ঠ জেনারেল হাসপাতালে ভর্তি করেন।

হাসপাতালের কর্মরত চিকিৎসক বলেন,আহতদের হাসপাতালে ভর্তি রেখে

চিকিৎসা দেওয়া হচ্ছে। নুর ইসলামের অবস্থা অবস্থা আশঙ্কাজনক হওয়ায় তাকে রাজশাহি মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

জীবননগরে ভোক্তার অভিযান, দুই চালের মিল মালিককে জরিমানা

জীবননগরে অতিরিক্ত দামে চাল বিক্রি, ওজনে কম ও চাউলের ব্যান্ড নকল করার অপরাধে দুটি প্রতিষ্ঠানকে ৬০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

আজ মঙ্গলবার বিকালে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর খুলনা বিভাগের উপ-পরিচালক মোহাম্মদ সেলিম অভিযান চালিয়ে এ জরিমানা আদায় করেন।

জীবননগর পৌর শহরের দত্তনগর রোডে মেসার্স এ এন জে এম অটো রাইস মিলে অভিযানে চালিয়ে দেখা যায় যথাযথভাবে পণ্য বিক্রয় না করা ও চাউলের ব্রান্ড নকল করার অপরাধে প্রতিষ্ঠানটির মালিক মো.নাসির উদ্দিনকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৪৫ ও ৫০ ধারায় ৩০ হাজার টাকা এবং জীবননগর উপজেলার মনোহরপুর ইউনিয়নের পিয়ারাতলায় অবস্থিত মেসার্স মা-বাবা এগ্রোফুড নামক অপর প্রতিষ্ঠানে চাউল ওজনে কম দেওয়া ও যথাযথভাবে চাল বিক্রয় না করার অপরাধে ৪৫ ও ৪৬ ধারায় প্রতিষ্ঠানের মালিক মোঃ শাজাহান আলীকে ৩০ হাজার টাকা জরিমানা করা হয়।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর খুলনা বিভাগের উপ-পরিচালক মোহাম্মদ সেলিম জানান, অতিরিক্ত দামে চাল বিক্রি,চাউলের ব্যান্ড নকল করা এবং ওজনে কম দেওয়ার অপরাধে জীবননগরে দুটি প্রতিষ্ঠানকে ৬০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। পাশাপাশি সকল ব্যবসায়ীকে মূল্যতালিকা প্রদর্শন ও ক্রয়-বিক্রির ভাউচার সংরক্ষণ করা এবং অতিরিক্ত দাম নেওয়া থেকে বিরত থাকার জন্য সতর্ক করা হয়েছে।

ভ্রাম্যমাণ অভিযানে সহযোগিতা করেন, চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের

সহকারী পরিচালক সজল আহম্মেদ,জীবননগর উপজেলার স্যানিটারী ইন্সপেক্টর মোঃ আনিছুর রহমান এবং চুয়াডাঙ্গা পুলিশ লাইনের একটি টিম।

আলমডাঙ্গায় জমির মাটি কেটে ইটভাটায় বিক্রয়; দু’জনকে জরিমানা

আলমডাঙ্গায় ফসলি জমির মাটি কেটে ইটভাটায় বিক্রির দায়ে ২ জনকে ৩০ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

আজ সোমবার (২৯ জানুয়ারি) বিকেলে উপজেলার কেদারনগর মাঠে নির্বাহী ম্যাজিস্ট্রেট সহকারী কমিশনার ভূমির নেতৃত্বে এ ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়।

ভ্রাম্যমাণ আদালত সুত্রে জানা যায়, আলমডাঙ্গার বেলগাছি ইউনিয়নের কেদারনগর গ্রামে মাঠে অবৈধভাবে ফসলি জমির মাটি কেটে ইটভাটায় বিত্রি করা হচ্ছে বলে অভিযোগ ওঠে। অভিযোগের ভিত্তিতে সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রেজওয়ানা নাহিদ বিকেলে ভ্রাম্যমাণ আদালতের অভিযান পরিচালনা করেন।

এ সময় মাটি বিক্রি ও বহন করার দায়ে স্থানীয় সরকার (ইউনিযন পরিষদ আইন ২০০৯ এর ৮৯ (২)ধারায় মাটি বয়ে নিয়ে যাওয়া গাড়ির চালক শিশির ও সাকিবকে ১৫ হাজার টাকা করে মোট ৩০ হাজার টাকা জরিমানা করা হয়।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনা কালে সহযোগিতায় ছিলেন থানা পুলিশের একটি টিম।

চুয়াডাঙ্গায় ট্রাফিক পুলিশের অভিযানে মোটরসাইকেল জব্দ

চুয়াডাঙ্গায় বিভিন্ন স্থানে ট্রাফিক পুলিশের পক্ষ থেকে অভিযান পরিচালনা করা হয়েছে এ সময় কাগজপত্র বিহীন মোটরসাইকেল জব্দ করা হয়।

আজ সোমবার সকাল থেকে বিকাল পর্যন্ত চুয়াডাঙ্গা সদর উপজেলার বিভিন্ন স্থানে এই অভিযান পরিচালনা করা হয় এবং ৩৭টি কাগজপত্র বিহীন মোটরসাইকেল জব্দ করা হয়।

অভিযানের বিষয়ে চুয়াডাঙ্গা ট্রাফিক বিভাগের টি আই হাসান বলেন জেলা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপিএম সেবা নির্দেশনায় জেলায় অবৈধ যানবাহন চলাচল বন্ধের লক্ষ্যে ট্রাফিক পুলিশের অভিযান চলমান রয়েছে। তবে যখন যে এলাকায় অবৈধ যানবাহন চলাচল বেড়ে যায়, তখন সে এলাকায় আমরা অভিযান পরিচালনা করি।

এরই ধারাবাহিকতায় সকাল হতে দিনব্যাপী চুয়াডাঙ্গা সদর উপজেলার দশ মাইল বাজার, সরোজগঞ্জ বাজার এবং ডিঙ্গেদহ সহ বিভিন্ন এলাকায় চেকপোস্ট বসিয়ে এ বিশেষ অভিযান পরিচালনা করা হয় এবং ৩৭ টি অবৈধ কাগজপত্র বিহীন মোটরসাইকেল জব্দ করা হয়েছে।

তিনি আরও জানান, আটককৃত অবৈধ ও কাগজপত্র বিহীন মোটরসাইকেল গুলো চুয়াডাঙ্গা সদর থানায় হেফাজতে রাখা হয়েছে। অভিযান পরিচালনার সময় উপস্থিত ছিলেন জেলা ট্রাফিক পুলিশের সার্জেন্ট বুলবুল, সার্জেন্ট তাজরুল হক, টিএসআই মোমিন সহ ট্রাফিক পুলিশ ও জেলা পুলিশের অন্যান্য সদস্যবৃন্দ।

ঝিনাইদহে প্রেমিকের সাথে

যোগসাজসে মৃত স্বামীর সম্পত্তি আত্মসাতের চেষ্টা

ঝিনাইদহ সদর উপজেলার পদ্মাকর ইউনিয়নের হাটগোপালপুরে পরকীয়া প্রেমিককে সাথে নিয়ে মৃত স্বামীর সম্পত্তি আত্মসাতের পায়তারা করছে তার স্ত্রী। এ ঘটনায় আদালতে মামলা পর্যন্ত গড়িয়েছে। স্বামীর মৃত্যুর কয়েক বছর আগে থেকেই প্লান করে স্বামীর সকল সম্পত্তি হাতানোর চেষ্টা করছে ওই নারী। এমনটিই অভিযোগ করেছেন মৃত প্রবাসীর স্বজনরা। জমি যেন বিক্রি করতে না পারে যেজন্য তার ছেলে আদালতের দ্বারস্থ হয়েছেন।

জানা যায়, মুন্সীগঞ্জ জেলার টংগিবাড়ী উপজেলার গোয়ারা গ্রামের মুনছুর দেওয়ানের ছেলে মামুন দেওয়ান দীর্ঘদিন ধরে ঝিনাইদহ সদর উপজেলার লৌহজং গ্রামে পরিবার নিয়ে বসবাস করতেন। বিদেশে থেকে লৌহজং গ্রামে নিজের বাড়ি করেছেন। সম্পত্তি গড়েছেন সেখানে। তিনি সৌদি আরব থাকা অবস্থায় তার স্ত্রী মুন্সীগঞ্জ সদর উপজেলার আব্দুস সাত্তারের মেয়ে জেসমিন বেগম হাসান নামের এক বাসের সুপারভাইজারের সাথে পরকীয়ায় জড়িয়ে পড়ে। স্বামী বিদেশে থাকার কারণে হাসানের সাথে দীর্ঘদিন তাদের সম্পর্ক চলতে থাকে। সর্বশেষ সৌদি প্রবাসী মামুন ২০২২ সালে দেশে এসে অসুস্থ হয়ে পড়েন। স্বামীকে চিকিৎসা না করিয়ে কিছুদিন বাড়িতেই রেখে দেন। পরে স্বামীর বাড়ির চাপে তাকে ঢাকা বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে ভর্তি করানো হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় ২০২২ সালের ২৫ ডিসেম্বর মামুন মারা যায়। এরপর থেকে স্ত্রী জেসমিন বেগম স্বামীর সকল সম্পত্তি আত্মসাৎ করতে উঠে পড়ে লাগে। পরকীয়া প্রেমিক হাসানের সাথে নিয়ে মৃত্যুর কিছুদিনের মধ্যেই স্বামীর সকল সম্পত্তি মিথ্যা তথ্য নিয়ে নামজারী করে নেয়। পরে সেই সম্পত্তি বিক্রির পায়তারা করছে। বিষয়টি টের পেয়ে মামুনের স্বজনরা আদালতে মামলা করেন। এমনকি সম্পত্তি যেন বিক্রি করতে না পারে সেজন্য মামুনের ছেলে সিয়াম জমি যেন বিক্রি করতে না পারে সেজন্য আদালতের দারস্থ হয়েছেন। জমি বিক্রির উপর নিষেধাজ্ঞা জারী করেছেন।

মৃত প্রবাসীর ভাই স্বপন দেওয়ান বলেন, আমার ভাই বিদেশে থাকা অবস্থায় আমার ভাবী পরকীয়ায় জড়িয়ে পরে হাসান নামের একটি ছেলের সাথে। তিনি নোয়াখালির কোম্পানীগঞ্জ উপজেলা চরপার্বতী এলাকার আবুল খায়েরের ছেলে। সে সোহাগ পরিবহন বাসের সুপারভাইজার। ওই

হাসানের সাথে পরিকল্পনা করে আমার ভাইয়ের সন্তানদের ফাঁকি দিয়ে সব সম্পত্তি বিক্রি করতে চাচ্ছে। এই পরিকল্পনা অনেক আগের। আমার ভাই বেচে থাকা অবস্থায় আমার ভাবী পাসপোর্ট করে যেখানে হাসানকে স্বামী বলে পরিচয় দেয়। আমরা প্রতারক জেসমিনের বিচার দাবী করছি। সেই সাথে সম্পত্তি যেন বিক্রি করতে না পারে সে ব্যাপারে ভূমি সংশ্লিষ্ট সকলের হস্তক্ষেপ কামনা করছি।

এ ব্যাপারে অভিযুক্ত জেসমিন বেগম বলেন, পাসপোর্টে ভুল করে আমার স্বামীর স্থানে হাসানের নাম হয়েছে। এছাড়াও যেসব অভিযোগ করা হচ্ছে তা সবই মিথ্যা।

প্রত্নতাত্ত্বিক নিদর্শন সন্দেহে প্রাচীন ধাতব মূর্তি সহ আটক ২

কিছু ধাতব মূর্তি নিয়ে ইজিবাইকে যাত্রী বেশে যাচ্ছিলেন মেহেরপুরের মুজিবনগর উপজেলার নাজিরাকোনা গ্রামের আন্তন মন্ডল এবং বাবুপুর গ্রামের নজরুল ইসলাম। মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশ ছিল

মাদকবিরোধী এক অভিযানে। মাদক পাচারকারী সন্দেহে গোয়েন্দা পুলিশ তাদের প্রতিরোধ করে। তল্লাশি করে তাদের কাছ থেকে উদ্ধার করা হয় পুরানো গ্রীক দেবতার মূর্তি, গ্রীক দেবতা হারকিউলিসের মূর্তি, শ্রীকৃষ্ণের বাল্যকালের মূর্তি, অদ্ভুত নকশা খচিত ঘোড়ার মূর্তি, পিতলে নির্মিত শিশু মূর্তি, হাড়ি ও নকশা খচিত বাক্স। সব গুলোই পিতল সাদৃশ্য বস্তু বলে নিশ্চিত করেছে পুলিশ।

গতকাল শনিবার সন্ধ্যা সাড়ে ৭ টার সময় জেলা গোয়েন্দা পুলিশের অভিযানে মুজিবনগর উপজেলার ভবানিপুর গ্রামের ব্রিজ সংলগ্ন এলাকা থেকে মূর্তিগুলি উদ্ধার ও জব্দ করা হয়।

এ সময় মুজিবনগর উপজেলার নাজিরাকোনা গ্রামের মৃত থমাস মন্ডলের

ছেলে আন্তন মন্ডল ও বাবুপুর গ্রামের সাহাদত আলীর ছেলে নজরুল ইসলামকে জিজ্ঞাসাবাদের জন্য জেলা গোয়েন্দা কার্যালয়ে নিয়ে আসা হয়।

পরবর্তীতে মেহেরপুর সদর থানায় একটি সাধারণ ডাইরি করে এবং মুচলেকা নিয়ে তাদের ছেড়ে দেয়া হয়।
আন্তন মন্ডল বলেন, ‘জমিতে চাষ করার সময় মাটি খুঁড়ে এগুলো পেয়েছি। টেংরামারি গ্রামের এক ব্যক্তিকে দেখানোর জন্য নিয়ে যাচ্ছিলাম। পথের মধ্যে পুলিশ আমাদের আটক করে।’

মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের ওসি সাইফুল আলম বলেন, মুজিবনগর নাজিরাকোনা গ্রাম থেকে সদর উপজেলার টেংরামারি গ্রামে মাদক পাচার হচ্ছে মর্মে খবর পাই। এমন খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে ভবানিপুর গ্রামের ব্রিজ এলাকায় দুজনকে তল্লাশি করা হয়। এসময় তাদের কাছ থেকে পিতল সাদৃশ্য বিভিন্ন মূর্তি, হাড়ি ও বাক্স উদ্ধার করা হয়। পরে দুজনকে জিজ্ঞাসাবাদ জন্য কার্যালয়ে নিয়ে আসা হয়। জিজ্ঞাসাবাদ শেষে কোন বেআইনি উদ্দেশ্য না পাওয়ায়, মুচলেকা নিয়ে তাদের ছেড়ে দেয়া হয়। পরবর্তীতে তদন্ত সাপেক্ষে প্রত্নতাত্ত্বিক নিদর্শন বা সম্পর্কিত কোন প্রমাণ পাওয়া গেলে তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

জীবননগরে ক্লিনিকের নার্সকে গলা কে*টে হ*ত্যা

জীবননগরে হাফিজা খাতুন (৩০) নামের এক নার্সকে গলা কেটে হত্যা করেছে দুর্বৃত্তরা। গতকাল শনিবার রাত সাড়ে ৮টার দিকে পৌর এলাকার মা নার্সিং হোম ক্লিনিকের মধ্যে এ ঘটনা ঘটে।

হাফিজা খাতুন ওই ক্লিনিকের নার্স হিসেবে কর্মরত ছিলেন। ঘটনার সঙ্গে কারা জড়িত এটা এখনো জানা যায়নি।
ক্লিনিকের এক সহকর্মী জানান, রাতে ক্লিনিকের দ্বিতীয়তলায় হাফিজার সাথে আলাপচারিতা শেষে তৃতীয় তলায় যান। পরবর্তীতে কিছুক্ষন পর দ্বিতীয়তলায় এসে হাফিজাকে রক্তাক্ত অবস্থায় দেখেন তিনি। কারা এমন

ঘটনা ঘটিয়েছে জানা নেই। পরে স্থানীয়দের সহযোগীতায় রক্তাক্ত অবস্থায় হাফিজা খাতুনকে উদ্ধার করে জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে চিকিৎসক মৃত ঘোষনা করেন।

তিনি আরও বলেন, সকালে নিহতের স্বামী এই ক্লিনিকে এসেছিলেন। হাফিজার সঙ্গে কোন কারণে বাকবিতণ্ডতা হয়। এরপরই সেখান থেকে তিনি চলে যান।

জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. রাগবির হাসান বলেন, হাসপাতালে আসার আগেই তার মৃত্যু হয়েছে। ধারাল অস্ত্র দিয়ে গলা কেটে হত্যা করা হয়েছে বলে ধারণা করা হচ্ছে।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস্) নাজিম উদ্দিন আল আজাদ (পিপিএম-সেবা) ও চুয়াডাঙ্গা সার্কেল এসপি জাকিয়া সুলতানা ঘটনাস্থল পরিদর্শন করেন।

মেহেরপুরে জেলা আইনজীবী সমিতির নির্বাচনে বিএনপি পন্থীদের নিরঙ্কুশ বিজয়

মেহেরপুরে জেলা আইনজীবী সমিতির বার্ষিক নির্বাচন সম্পন্ন হয়েছে । নির্বাচনে ৯টি পদের মধ্যে সভাপতি, সাধারণ সম্পাদকসহ ৬টি পদে বিএনপিপন্থী আইনজীবী ফোরাম এবং ৩টি পদে আওয়ামীলীগ পন্থী আইনজীবী পরিষদ নির্বাচিত হয়েছেন।

আজ শুক্রবার দিনব্যাপী ভোটগ্রহন শেষে বিজয়ীদের নাম ঘোষণা করা হয়েছে ।

সভাপতি পদে (বিএনপি) মারুফ আহমেদ বিজন ৮৫ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন, সভাপতি পদে (আওয়ামী লীগ) গোলাম মোস্তফা পেয়েছেন ৪১ ভোট। সাধারণ সম্পাদক পদে এ এস এম সাইদুর রাজ্জাক ৮২ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন, আওয়মী প্যানেলের নাজমুল হুদা পেয়েছেন ৪৪ ভোট, সহ-

সভাপতি পদে রফিকুল ইসলাম (বিএনপি) ৬৯ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন, আওয়ামী প্যানেলের নজরুল ইসলাম পেয়েছেন ৫৩ ভোট।

আওয়ামী প্যানেলে থেকে যুগ্ম সাধারণ সম্পাদক পদে শাহরিয়ার মাহমুদ ৬৪ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন। বিএনপি প্যানেলের এহান উদ্দিন মনা পেয়েছেন ৫৯ ভোট। আওয়ামী প্যানেল থেকে কোষাধক্ষ পদে রোকেয়া খাতুন ৬৩ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন, বিএনপি প্যানেলের সাইফুল ইসলাম পেয়েছেন ৬১ ভোট, আওয়ামী প্যানেল থেকে পাঠাগার ও সাংস্কৃতিক সম্পাদক পদে নাগিব মাহফুজ জুয়েল ৬৪ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন, বিএনপি প্যানেলেরশফিউল আযম খান বকুল পেয়েছেন ৫৮ ভোট, বিএনপি প্যানেল থেকে সিনিয়র সদস্য মোখলেছুর রহমান স্বপন ৭২ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন, আওয়ামী প্যানেলের আবুল হাসেম পেয়েছেন ৪৯ ভোট, বিএনপি প্যানেল থেকে কার্যনির্বাহী সদস্য আ ন ম আল মামুন অনল ৭৪ ভোট এবং তারিক আহমেদ ৬২ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন, আওয়ামী প্যানেল থেকে এস এম আমানুল্লাহ আল আমান ৫৩ ভোট এবং সাব্বির হোসেন শিশির পেয়েছেন ৬০ ভোট।

আজ শুক্রবার সন্ধ্যা ছয়টায় ভোট গণনা শেষ বিজয়ীদের নাম ঘোষণা করেন প্রধান নির্বাচন কমিশনার আইনজীবী বিমল কুমার বিশ্বাস।

আইনজীবী সমিতির ১৪১ জন ভোটারের মধ্যে ভোদ প্রদান করেন ১২৫ জন। এদিকে সকাল ৯টায় ভোটগ্রহণ শুরু হয় মেহেরপুর আইনজীবী সমিতির পুরাতন ভবনে। নামায ও মধ্যহু ভোজের বিরতি দিয়ে ভোট গ্রহণ করা বিকাল ৪টা পর্যন্ত। ভোটগ্রহণ উপলক্ষে মেহেরপুর কোর্ট এলাকায় উৎসবমুখর পরিবেশ সৃষ্টি হয়।